# বারিধারা ডিওএইচএস পরিষদ

# ঢাকা সেনানিবাস

## ৭১তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৮ সেপ্টেম্বর ২০১৩ ইং।

একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১৫ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *লোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১ ঃ* গত ২০ আগষ্ট ২০১৩ তারিখের একজিকিউটিভ কমিটির ৭০তম সভার কার্যবিবরণী স্তারিতভাবে আলোচনা করা হয়। কার্যবিবরণীর সকল কার্যক্রমের অগ্রগতি নিয়ে বিষদ আলোচনা হয় এবং র্য সম্পাদণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ প্রদান করা হয়। কার্যবিবরণী অনুমোদনের জন্য মেজর সিরাজুল রেফিন (অবঃ) প্রস্তাব করেন এবং ডাঃ পারভীন হক চৌধুরী তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *লোচ্যসূচী ও সিদ্ধান্ত - ২ ঃ* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে নতুন গ্যাস লাইন সংযোজনের জন্য ৩টি তিষ্ঠান হতে পাওয়া দরপত্র সভায় উপস্থাপন করা হয়। দীর্ঘ আলোচনার পর গ্যাস সংযোগের বিষয়টি ম্পাদনের জন্য ২ সদস্যের ১টি অফিসার্স পর্ষদ গঠন করা হয় ঃ<br><br>সভাপতি ঃ কর্ণেল এস এম ফয়সাল (অবঃ)<br>সদস্য ঃ ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) | কর্ণেল এস এম ফয়সাল (অবঃ) ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) |
| *লোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৩ ঃ* সিকিউরিটি গার্ড মোঃ মহসিন আলী সততা নিষ্ঠার সাথে দায়িত্ব ও কর্তব্য পালন রায় তার চাকুরির জ্যেষ্ঠতা অনুযায়ী তাকে সুপারভাইজারের ঘাটতি পদ পূরণের জন্য সুপারভাইজার পদে দোন্নতি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো। উক্ত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *লোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৪ ঃ* বারিধারা ডিওএইচএস এর সিকিউরিটি গার্ডদের নিয়ে অনুষ্ঠিত দরবার তারিখ ০৭ প্টেম্বর ২০১৩ইং এর নিরাপত্তা প্রহরীদের পয়েন্টের উপর আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br><br>ক। House তৈরী করা হয়েছে গোসলের সুবিধার জন্য ।<br>খ। Charpaya প্রদানের ব্যবস্থা নিতে হবে আকার ছোট করে।<br>গ। Festival allowances অন্যান্য Sy agency থেকে বেশী দেয়া হচ্ছে। বাড়ানোর সুযোগ নেই।<br>ঘ। Combat Cap তৈরী করা হয়েছে নিরাপত্তা প্রহরীদের ব্যবহারের সুবিধার্থে।<br>ঙ। নিরাপত্তা প্রহরীদের কোন সাপ্তাহিক ছুটি থাকবে না। চিঠি বিতরণের জন্য নাস্তা বাবদ ৪ জনকে ১০০ টাকা করে মোট ৪০০ টাকা প্রদান করা হবে। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *লোচ্যসূচী ও সিদ্ধান্ত - ৫* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে ২টি বাথরুম নির্মাণ- নোটশীট নং- ১৪৪, র্ব পার্শ্বের বাউন্ডারী ওয়াল গাথুনী/প্লাষ্টার করণ-নোটশীট নং- ১৪৫, কিচেন রুমের ফ্লোর ঢালাই করণ-টশীট নং- ১৪৬, কিচেন রুম থেকে রোড পর্যন্ত ১৮০ ফুট ড্রেন পাঁকা করণ-নোটশীট নং- ১৪৭ এবং পূর্ব র্শ্বের বাউন্ডারী ওয়ালের উপরে রেলিং তৈরি-নোটশীট নং- ১৪৮ তারিখ ২৭ সেপ্টেম্বর ২০১৩ এর খরচ সভায় র্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। তবে এজিএম এর ঘটনাত্তর (Expost-facto-sanction) মঞ্জুরী গ্রহন তে হবে। | কনভেনশন সেন্টার কমিটি |

Bank FDR

| | |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -৬* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের নীচ তলায় কার্পেট লাগানো এবং মার্বেল দ্বারা মেহরাবের সৌন্দয্যবর্ধন করতে হবে। নীচতলার পশ্চিম দেয়ালে টাইল্স লাগানোর ব্যাপারে সম্ভাব্য খরচের বিষয়টি হিসাব করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মসজিদ স কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -৭* পি জি আর এর উত্তর পূর্ব কর্ণারে সেনাবাহিনী ১টি Fuel dispensing unit তৈরী করছে বলে জানা গেছে যার অগ্রগতি আশানুরূপ নয়। সেনাবাহিনী নির্মিত বারিধারা BSI হতে স্টাফ রোড পর্যন্ত সড়কটি দিয়ে প্রতিদিন প্রায় লক্ষাধিক গাড়ী আর্মি ইউনিট সমূহ, বারিধারা ডিওএইচএস, গুলশান, বারিধারা, বসুন্ধরা, বনানী ও ঢাকার অন্যান্য এলাকা থেকে চলাচল করে। রাস্তা কর্দমাক্ত হয়ে যাওয়ায় মাটি ভরাট করার কাজ বিকল্প কোন ব্যবস্থায় করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পত্র পাঠানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -৮* বারিধারা ডিওএইচএস পুকুরের দুই পাড়ে হাটার রাস্তায় মিউজিক বাজানোর ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা হয়। ফজরের নামাজের পর এবং এশার নামাজের পর মিউজিক বাজানোর বিষয়ে সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ইহা পুকুরের পূর্ব পাড়ে এবং উত্তর পাড়ের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। কোন ক্রমেই আযান ও নামাজের সময় মিউজিক বাজানো যাবে না। | কনভেনার, স্পোর্ট এন্ড কালচারাল সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -৯* বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের রান্নার ঘর হতে খাবারের রুম পর্যন্ত সিঁড়ির পুরাতন ওয়ালের প্লাষ্টার ভেঙ্গে ৬.৫ ফুট টাইলস লাগানোর দরপত্র নিয়ে আলোচনা হয় এবং সভায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। খাবার পরিবেশনের রুমও টাইলস দ্বারা আবৃত করা হবে। | কনভেনশন সেন্টার কমি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১০* ডিওএইচএস কনভেনশন সেন্টারের ২টি কমিউনিটি হলে পর্দা লাগানোর বিষয়ে আলোচনা হয় এবং অনুমোদিত হয়। | কনভেনশন সেন্টার কমি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১১* ডিওএইচএস বারিধারায় নিয়োগপ্রাপ্ত সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণের (NCO's) পদমর্যাদা হবে সিনিয়র সুপারভাইজার এবং তারা ১টি সেভরন ও ২টি পিপস্ পরিধান করবেন। | মেম্বার সিকি এন্ড এ্যাডমি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২* বারিধারা গেইটি বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ কর্তৃক নির্মাণ করা হবে। বার্জারের পক্ষ হতে প্রদানকৃত ১টি গেইটের ডিজাইন ইসির সকল সদস্যকে দেখানো হয় এবং সকলেই নকশাটি গ্রহণ করেন। বার্জার বাংলাদেশের সাথে ১টি চুক্তি স্বাক্ষর করা হলে নির্মাণ কাজ শুরু হবে। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৩* কমডোর মোস্তফা কামাল, এনডিসি, পিএসসি, বিএন (অবঃ) এর বাড়ীর পূর্ব পার্শ্বের খালি জায়গাটিতে ১টি পূর্ণাঙ্গ পার্ক নির্মাণ করা হবে যেখানে শিশুরা খেলাধুলা করবে। মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিনের প্রত্যক্ষ নির্দেশনায় পার্কটি নির্মিত হবে। সিকিউরিটি এন্ড এ্যাডমিন খাত হতে অর্থ সংকুলান করা হবে। | মেম্বার সিকি এন্ড এ্যাডমি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৪* পার্ক এলাকার উত্তর পাশের ফুটবল মাঠটি ৩ মাসের জন্য বন্ধ থাকবে। শিশুদের প্রশিক্ষণ বাস্কেটবল সংলগ্ন উত্তর পাশের এলাকায় স্থানান্তরিত হবে। ভাইস প্রেসিডেন্ট ও কনভেনার স্পোর্টস, গেমস ও কালচারাল কমিটির দিক নির্দেশনায় ও তত্বাবধানে ঘাস লাগানোর কাজটি সম্পাদিত হবে। | কনভেনার স্পোর্টস, গে ও কালচার সাব-কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৫* ৬নং সড়কের ৩৬৬/৮ নং বাড়ী নির্মাণের সামগ্রী গত ৯ মাস যাবৎ মসজিদ এলাকার বিভিন্ন জায়গায় ইতস্তত বিক্ষিতভাবে স্তুপ করে রাখা হয়েছে যা অনির্দিষ্ট কালের জন্য রাখতে দেয়া সম্ভব নয়। এসব ইট, বালু, পাথর ও বোল্ডারস এলাকার সৌন্দর্য হানি ঘটাচ্ছে ও গাড়ী পার্কিং ও পথচারীর চলাচলে বিঘ্ন ঘটাচ্ছে। সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক নির্মাণ সামগ্রীগুলি সরানোর ব্যাপারে ব্যবস্থা নেবেন। | মেম্বার সিকি এন্ড এ্যাডমি সিনিঃ ভিপি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৬* স্টাফ রোড হতে ডিওএইচএস এর স্কুল গেট পর্যন্ত সড়কটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। সড়কটিতে অনেক গর্তের সৃষ্টি হয়েছে। সড়কটি মেরামতের ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগের ব্যবস্থা ছাড়াও পরিষদের ব্যবস্থাপনায় মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে সকল সদস্য একমত হন। | মেম্বার সিকি এন্ড এ্যাডমি |

| | |
|---|---|
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৭ Concrete Dividers at Y Junction and School gate are approved by EC. | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১৮ বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। প্রায় সকল ব্যয় ইসি এর আর্থিক ক্ষমতার অধিক বিধায় এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |

। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ 22 সেপ্টেম্বর ২০১৩

ব্রিগেঃ জেঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ 22 সেপ্টেম্বর ২০১৩

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য